10000 रु. Rs.10000

भारत INDIA

RUPEES TEN THOUSAND

INDIA NON JUDICIAL

02AA 952860

Admissible under rule 21, duly stamped u/s 14 of L. R. Act under the Indian Stamp Act upto 1974 Schedule
A No. 25 Fees Paid
A 2959.00
E 7.00
4.50
2966.00

Additional District Sub-Registrar
Sonarpur, South 24-Pgs.
25/1/02

-ঃ মং ১,৫০,০০০ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা পণ মূল্যের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ঃ-

***********************************************************

কোবালা গ্রহিতা ঃ- শ্রী খগেশ মিত্রানিয়া আগরওয়ালা, পিতা- শ্রী রাম বিলাস মিত্রানিয়া আগরওয়ালা, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং- গড়াগাছা, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, কলকাতা- ৭০০ ০৮৪ ।

***********************************************************

INDIA NON JUDICIAL

१००० रु. Rs 1000

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

-ঃ ( ২ ) ঃ-

**কোবালা দাতা ঃ-** ১) শ্রী সুধীর মণ্ডল, ২) শ্রী অধীর মণ্ডল, ৩) শ্রী অবিনাশ মণ্ডল, সকলের পিতা- মৃত পতিত পাবন মণ্ডল। সর্ব্ব জাতি- হিন্দু, পেশা- চাষ, সর্ব্ব সাং- বৃজি, থানা- সাবেক টালিগঞ্জ, হালে -যাদবপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, কলকাতা- ৭০০ ০৮৪।

কস্য আমাদের স্বনামীয় রেকর্ডভুক্ত নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত অধুনা ৪ নং বিধিমতে রায়ত দখলীয় স্বত্বীয় স্বত্বের খেরাজী শালি কমবেশী

INDIA NON JUDICIAL

१000रू. Rs 1000

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

-ঃ ( ৩ ) ঃ-

৩ তিন কাঠা পরিমিত জমি জমা সম্পূর্ন নির্দায় নির্দোষ নির্গোল পরিষ্কার ও মুক্তাবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন পরগণা খাসপুর, মৌজা গড়াগাছা গ্রামের জেঃ এলঃ নং- ৪৫, রেঃ সাঃ নং- ৪১, অত্র জেলা কালেক্টরীর মহাল ৫৬ নং তৌজি ভুক্ত অধুনা ৪ নং বি.ধিমতে রায়ত দখলীয় স্বত্বীয় স্বত্বের রাজপুর-সোনারপুর পৌরসভার অধিন . নং ওয়ার্ডভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ৩১ নং খতিয়ান ভুক্ত এক জমায়




শ্রী সুধীর মণ্ডল
শ্রী অধীর মণ্ডল



৯৩ শতক জমির কাত বার্ষিক খাজনা ৩.৬২ টাকা জমার জমির মধ্যে হাল রিভিসন্যাল জরিপের ৮০ আশি নং দাগে শালি ৯৩ শতক জমি জমার মধ্যে ১৩ গণ্ডা ১ কড়া ১ ক্রান্তি অংশে প্রাপ্ত সম্পত্তির মধ্যে কমবেশী ৩ তিন কাঠা পরিমিত সম্পত্তি অত্র দলিলের বিক্রিত জমি ও জমা হইতেছে।

উক্ত সম্পত্তি বৃত্তি নিবাসী পতিত পাবন মণ্ডল মহাশয়ের স্বত্ব দখলীয় জমি ও জমা হইতেছে, উক্ত পতিত পাবন মণ্ডল মহাশয় ভোগদখলীকার থাকা অবস্থায় পরলোক গমন করিলে তাঁহার চার পুত্র যথা ১) শ্রী সুধীর মণ্ডল, ২) শ্রী অধীর মণ্ডল, ৩) শ্রী অনন্ত মণ্ডল, ৪) শ্রী অবিনাশ মণ্ডল ওয়ারেশ ও উত্তরাধিকারি হয়েন।






উক্ত মহাশয়গণ এজমালে ভোগ দখলীকার থাকা অবস্থায় নিজ নিজ নামে হাল রিভিসনাল জরিপের রেকর্ড তুল্যাংশে রেকর্ড লিপিবদ্ধ করাইয়া ও ধার্য্য করাদি আদায় দিয়া ভোগ দখলীকার থাকেন। এমত প্রকারে ভোগ দখলের বিশেষ অসুবিধার জন্য পরস্পর সুবিধার্থে আপোষ বিভাগ বন্টন করিয়া লইয়া নিজ নিজ নির্দিষ্ট অংশের সম্পত্তিতে অন্যের নিরাংশে নির্বিবাদে খাসে নিঃব্যূঢ় স্বত্বে ভোগবান ও দখলীকার হয়েন ও থাকেন। অত্র বিক্রীত সম্পত্তি অত্র দাতাগণের অর্থাৎ আমাদের অংশের হইতেছে। ইহা বিক্রীয় যোগ্য উত্তম স্বত্ব আমাদের বিদ্যমান আছে ও হইতেছে। ইহাতে অপর কোনো শরিক বা অংশীদার নেই।

10 RS.

দশ রুপয়ে

১০রু. भारत INDIA 10RS

TEN RUPEES



এক্ষণে ন্যায় সঙ্গত ও বৈধ কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ও নিং' তপশীল বর্ণিত জমি জমা বিক্রয়ের জন্য প্রস্তাব ও প্রচার করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা আমাদের প্রস্তাব ও প্রচারে সম্মত হইয়া বর্তমান দেশাচার বাজারে উচিত মূল্য স্বরূপ নিম্ন জায় মোতাবেক বেলমোক্তা ১,৫০,০০০্ এক লক্ষ পঞ্চাশ' হাজার টাকা আদায় দিলে উক্ত অর্থ প্রাপ্ত হইয়া প্রাপ্তি স্বীকারে অত্র বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর সম্পাদন করিয়া দিলা চির নিঃস্বত্ববান ও দখলীচ্যুত হইলাম।

এক্ষণে আপনি জমার বর্তমান মালিক সরকারে নিজ নাম পত্তন পূর্বক ধার্য্য করাদি ও স্থানীয় পৌরসভায় নিজ নাম নথিভুক্ত করিয়া ধার্য্য করাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশানগণক্রমে ইচ্ছাধীনভাবে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আগে পশ্চাতে আমি মায় ওয়ারিশানগণক্রমে কেহ কোনদিন কোন রকম ওজর আপত্তি বা দাবি দাওয়া করিব না বা করিবেক না। করিলেও তাহা সর্বত্র সকল আদালতে বাতিল অসিদ্ধ এবং নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক।

বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় নির্দোষ নির্গোল পরিষ্কার ও মুক্তাবস্থায় আমাদের খাস দখল থাকাবস্থায় অত্র দলিলে আপনাকে বিক্রয় করিলাম ও দখল বুঝাইয়া দিলাম। যদি উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন মিথ্যা বা তঞ্চকতা কিছু ভবিষ্যতে প্রকাশিত হইয়া আপনার খরিদা স্বত্ব বা দখলের কোন বিঘ্ন বা ক্ষতি হয় তজ্জন্য আমরা আপনার যাবতীয় ক্ষতি খেসারতের অর্থ মায় সুদ সহ গৃহীত পণের টাকা এককালিন ফেরৎ দিতে আমি মায় ওয়ারিশান ও স্থলবর্তী গণক্রমে আইনতঃ বাধ্য থাকিলাম ও থাকিবেক।

অত্র দলিলের কোন অংশে কোন রকম ভুল ভ্রান্তির বা ত্রুটি বিচ্যুতির জন্য যদি অত্র দলিলের বুনিয়াদে নূতন কোন সংশোধনী বা পোষকীয় কোন দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করনের প্রয়োজন হয় তাহা আপনার তলব মত বিনা পনে ও বিনা পারিশ্রমিকে আপনার খরচে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করন করিয়া দিতে আমরা ম.য় ওয়ারিশন গনক্রমে আইনত বাধ্য থাকিলাম ও থাকিবেক।

এতদার্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় স্বজ্ঞানে অন্যের বিনানুরোধে আপন আপন খুশিতে পণের টাকা বুঝিয়া পাইয়া অত্র দলিলের সম্যক মর্ম্ম বুঝিয়া সহি সম্পাদন করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০০২ সালের ২৫শে জানুয়ারী,

মোতাবেক বাংলা ১৪০৮ সালের ১১ই মাঘ,

## -ঃ তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ-

**************************************


জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস- সোনারপুর এলাকাধীন পরগনা- খাসপুর, মৌজা- গড়াগাছা গ্রামের জেঃ এলঃ নং- ৪৫, রেঃ সাঃ নং- ৪১, অত্র জেলা কালেক্টারীর মহাল ৫৬ নং তৌজি ভুক্ত অধুনা ৪ নং বিধিমত রায়ত দখলীয় স্বত্বীয় স্বত্বের রাজপুর-সোনারপুর পৌরসভার অধিন ১ নং ওয়ার্ডভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ৩১ একত্রিশ নং খতিয়ান ভুক্ত এক জমায় ৯৩ তিরানব্বুই শতক জমির কাত বার্ষিক খাজনা ৩.৬২ টাকা জমার জমির মধ্যে হাল রিভিসন্যাল জরিপের ৮০ আশি নং দাগে শালি ৯৩ তিরানব্বুই শতক জমির মধ্যে আমাদের অংশে প্রাপ্ত তের গণ্ডা এক কড়া এক ক্রান্তি অংশে কমবেশী ৮ শতক জমির মধ্যে অত্র দলিল সংযুক্ত নকসায় প্রদর্শিত অংশে লাল রঙের সীমারেখা দ্বারা চিহ্নিত ও পরিবেষ্টিত কমবেশী ৩ তিন কাঠা পরিমিত সম্পত্তি অত্র

দলিলে বিক্রীত হইল। উক্ত নকসা অত্র দলিলের একাংশ হিসাবে সর্বত্র গন্য হইবেক। উক্ত নকসায় প্রদর্শিত কমন প্যাসেজ সর্বদা আকাশচুম্বি উম্মুক্ত ও যাতায়াতের জন্য বহাল থাকিবেক। অত্র গ্রহিতা মায় ওয়ারিশানগণ ক্রমে মায় স্থলাভিষিক্ত গণক্রমে ইচ্ছাধিন ব্যবহারের অধিকার বর্ত্তাইবে। বিক্রীত জমির বার্ষিক হারাহারি খাজনা ১, টাকা জমার বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুর অধিন সন সন আদায় দিতে হয়।

## -ঃ চৌহদ্দি ঃ-

.............

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | হাল রিভিসন্যাল জরিপের ৮০ নং দাগের বক্রী জমি। |
| দক্ষিণ | ঃ | হাল রিভিসন্যাল জরিপের ৬৬ নং দাগের জমি। |
| পূর্ব | ঃ | হাল রিভিসন্যাল জরিপের ৬২ নং দাগের জমি। |
| পশ্চিম | ঃ | হাল রিভিসন্যাল জরিপের ৮০ নং দাগের বক্রী জমি। |


SITE PLAN OF R.S. DAG NO-80 (PART) R.S. KHATIAN NO-31, MOUZA GARAGAGHHA, J.L. NO-45, P.S.-SON-ARPUR, DISTRICT-24 PARGANAS (S), WARD NO-01, UNDER RAJPUR-SONARPUR MUNICIPALITY.
SCALE-33'-0" TO 1" INCH
RED MARKED.
N
R. S. DAG - 80
25'-0" WIDE COMMON PASSAGE
20'-7"
12'-9"
153'-0"
W I D E
72'-0"
63'-9"
51'-0"
COMMON
25'-6"
158'-3"
106'-6"
R. S. DAG NO - 80
26'-8"
28'-0"
55'-2"
20'-7"
25'-6"
PASSAGE
58'-9"
71'-6"
R.S. DAG - 88
72'-0"
3 KATHA
71'-0"
R-S. DAG NO - 62
2'-9"
107'-2"
R.S. DAG - 79
R S. DAG - 66
33'-0"

-: ( ১০ ) :-

## -: টাকার জমা :-

*************

অদ্যরোজ নোটে ও নগদে প্রাপ্ত .................. ১,৫০,০০০ টাকা

সবশুদ্ধে এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা বুঝিয়া পাইলাম ।

মুসাবিদাকারক :-

শ্রী গগন চন্দ্র চ্যাটার্জ্জী
দলিল লেখক
লাইসেন্স নং- ৩১/৯
সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস
দক্ষিণ ২৪ পরগণা ।

ইসাদি :-

অক্ষর বিন্যাস :-

(শ্রী প্রদীপ বৈদ্য)
সোনারপুর রামকৃষ্ণপল্লী,
(ব্যাঙ্ক :ট),
দক্ষিণ .৪ পরগণা ।